

রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/১৮
তারিখ : ২৬-০৭-২০১১

বিষয় :- ২০১১ সালে ব্যাংকের নতুন হিসাব খোলার লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

প্রধান কার্যালয়ের উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ কর্তৃক ২০-০৭-২০১১ তারিখে ইস্যুকৃত প্রকা/উন্নয়ন/১৬ নং নং ইস্তেহারের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক উল্লেখ করা যাচ্ছে যে, ব্যাংকের ক্রমবর্ধমান উন্নতি এবং ব্যাংকিং প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে শাখার গ্রেড/অবস্থান অনুযায়ী কর্তৃপক্ষ ২০১১ সনের নতুন হিসাব খোলার লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করেছেন, যা নিম্নে উল্লেখ করা হলো :-

ক্রমিক নং	শাখার গ্রেড/অবস্থান	হিসাব সংখ্যা
০১.	স্থানীয় কার্যালয়	৪০০০
০২.	কর্পোরেট শাখা (পুরাতন)	২০০০
০৩.	কর্পোরেট শাখা (নতুন)	১৫০০
০৪.	কর্পোরেট শাখা-২	১২০০
০৫.	বিভাগীয় শহরে অবস্থিত শাখা	১২০০
০৬.	জেলা সদরে অবস্থিত শাখা	১১০০
০৭.	উপজেলা সদরে অবস্থিত শাখা	১০০০
০৮.	অন্যান্য স্থানে অবস্থিত শাখা	১০০০

০২) সরকারী নির্দেশ অনুযায়ী কৃষক, দুস্থ ও হতদরিদ্র, অতি দরিদ্র, মুক্তিযোদ্ধা এবং বিশেষ কর্মসূচীর আওতায় যুব পুরুষ ও মহিলাদের আত্মকর্মসংস্থানে ১০/- ও ৫০/- টাকার বিনিময়ে সঞ্চয়ী হিসাব খোলা উল্লেখিত লক্ষ্যমাত্রার মধ্যে অন্তর্ভুক্ত হবে না।

০৩) যে সব শাখাপ্রধান/কর্মকর্তা লক্ষ্যমাত্রা অনুযায়ী নতুন হিসাব খুলতে ব্যর্থ হবেন তাদেরকে সতর্কীকরণ/তিরস্কার পত্র এবং যে সব শাখাপ্রধান/কর্মকর্তা লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবেন তাদেরকে প্রশাংসপত্র প্রদান করা হবে। এছাড়া তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে অর্জনের বিষয়টি উল্লেখ করা হবে এবং পদোন্নতির সময়ে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

০৪) সার্কুলার নং ১৬ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে এবং যথারীতি প্রতিমাসের শেষে ছক মোতাবেক নতুন হিসাব খোলার তথ্যাদি নির্দিষ্ট সময়ের মধ্যে উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(জাকিয়া সুলতানা)
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক (উন্নয়ন)